মুজিবনগরের জমি সংক্রান্তের জের ৩ জন আহত: আটক ২

মেহেরপুরের মুজিবনগরে জমিজমা সংক্রান্তের জের ধরে খুন করার উদ্দেশ্যে হাসুয়ার কোপে তিনজনকে গুরুতর জখম করার অভিযোগ উঠেছে। আজ শনিবার ভোররাতে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন মুজিবনগর উপজেলার বিশ্বনাথপুর গ্রামের হেকমত আলীর ছেলে মিয়ানুল ইসলাম (৫০), আসাদুল ইসলাম (৫৮), হাবিবুর রহমান (৪৭) কে গুরুতর জখম। এ সময় স্থানীয় ও পরিবারের লোকেরা উদ্ধার মুজিবনগর সরকারি স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করে।

পরে এ ঘটনায় আহত ব্যক্তির ভাই অষ্টমুল ইসলাম বাদী হয়ে আমানুল ইসলাম আমানকে এক নম্বর আসামি করে ১৭ জনের নামে মুজিবনগর থানায় মুজিবনগর থানায় মামলা দায়ের করেন।

বাকী আসামীরা হলেন, বিশ্বনাথপুর গ্রামের মৃত আজেহারের ছেলে রবি (৫০), আশা (৫১), মৃত গকুলের ছেলে মোঃ মান্নান (৪২), মোঃ আল আমিন (২৫), মোঃ আমানুল ইসলাম (আমান), মোঃ কিতাব (৫৫), মোঃ জিনারুল (৫৭), মোঃ ইজারুল (৫২), মোঃ আবুল হোসেন (৬০), আবুল হোসেনের ছেলে নাজমুল (৪০), আয়ূবের ছেলে মোঃ ফরিদুল ইসলাম (৪৮), দাউদ মালের ছেলে মোঃ ইদ্রিস (৬০), মোঃ বাদশা (৪৫), কাশেমের ছেলে মোঃ হাবিবুর (২৫), হায়াতের ছেলে মোঃ ভাষান (৩৫), মৃত; ইমান আলীর ছেলে মোঃ মহত আলী (৬০) ও মহত আলীর ছেলে মোঃ মতি (৩৮)।

পরে আজ শনিবার সকালে অভিযোগের প্রেক্ষিতে আসামিদের মধ্যে আবুল হোসেন ও হাবিবুর রহমানকে আটক করে মুজিবনগর থানা পুলিশ।

বাদি এজাহারে উল্লেখ করেন, আমাদের সাথে আসামী পক্ষের দীর্ঘদিন ধরে জমিজমা সংক্রান্ত বিরোধ থাকায় শনিবার ভোর রাতে আমরা কয় ভাই ফজরের নামাজ পড়তে গেলে আমাদের খুন করার উদ্দেশ্যে বিশ্বনাথপুর কদম তলায় লাঠি, দা, হাসুয়া নিয়ে আসামীরা অবস্থান করেন। এমন সময় মসজিদ থেকে বের হওয়ার পরে তারা আমার ভাই হাবিবুর রহমানকে দেখতে পেলে আমানুল ইসলাম (আমান) আমার ভাইকে হাসোয়া দিয়ে কোপ মারতে গেলে হাত দিয়ে হাসোয়া ঠেকানোর সময় তার হাতে কোপ লাগে। এ সময় তার বাকি সঙ্গীরা আমার ভাইদের উপর লাঠি দিয়ে এলোপাতরি মারপিট

শুরু করে। এতে করে আমার তিন ভাই গুরুতর আহত হলে হাসপাতালে নিয়ে আসি।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, মারপিটের ঘটনায় ১৭ জনের নামে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের হয়েছে। ইতিমধ্যে আমরা দুজনকে আটক করেছি। বাকি আসামীদের ও দ্রুত গ্রেফতারের চেষ্টা চলছে।

গাংনীতে চাঁদা দাবি সম্বলিত চিরকুট ও দুটি হাতবোমা উদ্ধার

তিন লাখ টাকা চাঁদার দাবিতে গরু খামারীর গরু খামারের সামনে দুটি হাতবোমা ও চিরকুট রেখেছে দূর্বৃত্তরা।

আজ শনিবার (১৪ ডিসেম্বর) সকালের দিকে গাংনী থানা পুলিশ হাতবোমা ও চিরকুটটি উদ্ধার করে থানায় নিয়েছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

চিরকুটে লেখা রয়েছে- ৩ লাখ টাকা চাঁদা না দিলে বাড়ি ঘর থাকবে, কিন্তু তুই থাকবিনা। টাকা না দিলে তোকে মেরে ফেলা হবে।

প্রবাস ফেরৎ গরু খামারি ইসারুল ইসলাম গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামের আব্দুল মালেকের ছেলে।

গরু খামারি ইসারুল ইসলাম জানান, আমার বাড়ির পাশে গরুর খামারের সামনে একটি প্লাস্টিকের শপিং ব্যাগের মধ্যে লালকসটেপ মোড়ানো দুটি হাতবোমা ও একটি চিরকুট দেখতে পেয়ে গাংনী থানা পুলিশকে খবর দেওয়া হয়।

খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে লাল কচটেপ মোড়ানো দুটি হাতবোমা দুটি উদ্ধার করে।

জানা গেছে, ইসারুল ইসলাম দীর্ঘদিন ধরে প্রবাসে ছিলেন। বছরখানেক আগে বাড়ি ফিরে বাড়ির সাথে গরুর খামার গড়ে তুলেছেন। তবে, কারা

বোমা রেখে চাঁদা দাবি করছেন তা নিশ্চিত হতে পারছে না প্রবাস ফেরৎ খামারি ইসারুল ইসলাম।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, ঘটনার সাথে জড়িতদের দ্রুত আইনের আওতায় আনার চেষ্টা শুরু করেছে পুলিশ।

মেহেরপুরের নানা আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

মেহেরপুরে নানা আয়োজনের মধ্য দিয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে।

আজ শনিবার (১৪ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষে গণকবরে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। জেলা প্রশাসক সিফাত মেহনাজ ও মুক্তিযোদ্ধারা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

পরে শহীদদের আত্মার মাগফিরাত কামনাসহ দেশ ও জাতির মঙ্গল কামনায় বিশেষ মোনাজাত করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, স্থানীয় সরকারের উপপরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নূর, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, মোঃ সাজেদুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ ড. এ.কে.এম নজরুল কবির, মেহেরপুর সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ মুহা. আবদুল্লাহ আল-আমিন শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

সারের কৃত্রিম সঙ্কট, ভোগান্তিতে কৃষক

মেহেরপুরে গম, ভুট্টা, তামাক ও আলুর আবাদের ভরা মৌসুমে সার নিয়ে দুশ্চিন্তায় আছেন কৃষকেরা। এক বস্তা সার সংগ্রহ করতেই চাষিদের চরম ভোগান্তি পোহাতে হচ্ছে। সার মিললেও বস্তাপ্রতি ক্ষেত্রবিশেষে গুনতে হচ্ছে অতিরিক্ত টাকা।

এদিকে ডিলারদের দাবি, একই কৃষক তাদের বিভিন্ন আত্মীয়ের নামে বার বার সার তুলছেন। যার ফলে সার দিতে একটু সমস্যায় পড়তে হচ্ছে।

মেহেরপুরের বিভিন্ন গ্রামের সার ডিলারদের গুদামের সামনে সারের জন্য আইডি কার্ড হাতে কৃষকদের দীর্ঘ লাইন। কখন মিলবে সার এমন প্রতিক্ষায় ঠাঁই দাঁড়িয়ে কৃষক ও কৃষাণিরা। কেউ সার নিয়ে ফিরছেন বাড়ি, আবার অনেকেই ফিরছেন খালি হাতে। কৃষকদের অভিযোগ ডিলার ও সাব ডিলারদের অনিয়মের কারণে এবং ডিলাররা খুচরা ব্যবসায়ীদের কাছে বেশি দামে সার বিক্রির কারণে সারের এমন কৃত্রিম সংকট তৈরি হয়েছে বলেও চাষিরা অভিযোগ তুলেছেন।

তবে কৃষি বিভাগ বলছে, সারের কোনো সংকট নেই। কারখানায় সার উৎপাদনে কিছুটা দেরি হওয়ায় এমন সমস্যা হয়েছে। কয়েক দিনের মধ্যে সমস্যা সমাধান হয়ে যাবে।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে পাওয়া তথ্য অনুযায়ী, মেহেরপুর জেলার তিনটি উপজেলায় বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রি কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক অনুমোদিত সার ডিলার রয়েছেন ৩৫ জন এবং বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক অনুমোদিত সার ডিলার রয়েছেন ৬৮ জন। এসব ডিলারদের মধ্যে সদর উপজেলায় ১৩ জন, মুজিবনগর উপজেলায় ১০ জন এবং গাংনী উপজেলায় ১২ জন ডিলার রয়েছেন। এদের সঙ্গে কৃষকদের সারের সংকট কাটাতে শুধুমাত্র গাংনী উপজেলাতে বিএডিসি এবং বিসিআইসির সাব ডিলার রয়েছেন ১৫৪ জন। এসব ডিলার ও সাব ডিলাররা প্রতিবছর সার বরাদ্দ পান। জেলা কৃষি সম্প্রসারণের তথ্যে জানা গেছে, টিএসপি ১৫ হাজার ২৯৯ টন, ইউরিয়া ৩ হাজার ৬৩৭ টন, ডিএপি ১৪ হাজার ৮৬১ টন এবং পটাশ ১২ হাজার ৯৩৯ টন সার বরাদ্দ পান।

তবে ডিসেম্বর মাসের চাহিদায় টিএসপি ১ হাজার ৭৮১ টন, ডিিএপ ২

সার কিনতে যেতে হয়।

বিসিআইসির সাব ডিলার তেরাইল গ্রামের আব্দুর রহিম বলেন, ডিসেম্বর মাসের বরাদ্দ প্রতি মাসে ১৩৮ ইউরিয়া, ৫৬ ডিএপি, ফসফেট ৪৯ বস্তা, পটাশ ৩০ বস্তা। এমন বরাদ্দকৃত সারে কৃষকের চাহিদা পূরুণ হচ্ছে না।

খুচরা ডিলার সভাপতি মো. শাহিনুল ইসলাম শাহিন বলেন, ১৪ মাস খুচরা ডিলাররা সার পায় না। তিনবার জেলা প্রশাসকের বরাবর আবেদন করেও কোনো প্রতিকার পাইনি। খুচরা ব্যবসায়ীদের সার দিলে এমন সমস্যা তৈরী হতোনা।

সাধার সম্পাদক মোমতাজ উদ্দিন বলেন, বিসিআইসির ডিলাররা আমাদের সার দেয়নি প্রায় এক বছর। আমাদের মাধ্যমে সার দিলে কোন কৃষকের সারের অভাব হবে না।

বিসিআইসি ডিলার সমিতির মেহেরপুর জেলা সভাপতি হাফিজুর রহমান হাপি বলেন, কৃষকদের সার দেওয়ায় নিয়ে কোনো অনিয়ম হচ্ছে না। কৃষকরা একটু ধৈর্য্য ধরলে সবাই সার পাবেন। তিনি আরও বলেন, আমাদের অনিচ্ছা থাকা সত্বেও দুই প্রতিষ্ঠান থেকে ডিলারশীপ দেয়া হয়েছে। তিনি বলেন, প্রতিবছর তামাক কোম্পানিগুলো প্রণোদনা হিসেবে সার দিত তামাক চাষিদের।এবার সার না দিয়ে নগদ টাকা দিয়েতে তাই সারের প্রয়োনীয়তা বেড়ে গেছে।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদার বলেন, জেলায় চাহিদা অনুযায়ী সার পাচ্ছি। মেহেরপুর জেলায় প্রতিবছর এসময় কৃষকরা আলু,তামাক,তুলা,গম,ভুট্রার আবাদ করেন। যার ফলে সারের চাহিদা হঠাৎ বেড়ে গেছে। এছাড়া সার কারখানায় সার উৎপাদনেও কিছুটা ধীরগতি। তবে শিঘ্রই সমস্যা কেটে যাবে।

মুজিবনগরে বিএনপি নেতাকর্মীদের

শোভা যাত্রা ও আনন্দ মিছিল

মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি উপজেলা পরিষদের দুই দুই বারের নির্বাচিত চেয়ারম্যান মুজিবনগর উপজেলা বিএনপি’র কর্ণধার আমিরুল ইসলাম মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির ১নং যুগ্ন আহবায়ক হয় মুজিবনগরে নেতাকর্মীদের মাঝে আনন্দ-বন্যা বইছে।

মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটির ঘোষণার পরপরই মুজিবনগর উপজেলা বিএনপি যুবদল কৃষকদল ছাত্রদলের নেতাকর্মীরা মোটরসাইকেল শোভা যাত্রার মাধ্যমে আমিরুল ইসলামকে মেহেরপুর থেকে মুজিবনগর নিয়ে আসেন উপজেলার কেদারগঞ্জ বাজারে উপজেলা বিএনপি’র ও তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা ফুলের মালা দিয়ে তাকে বরণ করে নেন।

এ সময় কেদারগঞ্জ বাজারে জড়ো হওয়া নেতা কর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়ার নির্দেশে মেহেরপুর জেলার আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। সেখানে আমাকে ১ নং যুগ্ন আহবায়ক করায় আমি বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের কাছে কৃতজ্ঞ। তিনি যে দায়িত্ব আমাকে দিয়েছেন এই জেলা সহ মুজিবনগর এর বিএনপির সকল স্তরের নেতা কর্মীকে নিয়ে তারেক জিয়ার হাতকে শক্তিশালী আগামী নির্বাচনে বিএনপিকে ক্ষমতা নিয়ে আসব ইনশাআল্লাহ। আসুন সমস্ত ভেদাভেদ ভুলে আমরা জাতীয়তাবাদী দলের পতাকা তলে সমবেত হয়ে বেগম খালেদা জিয়া ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়ার হাতকে শক্তিশালী করি।

দেশ কে নিয়ে যারা ষড়যন্ত্র করবে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের বিরুদ্ধে যারা ষড়যন্ত্র করবে তাদেরকে এক চুলও ছাড় দেওয়া হবে না। সমস্ত নেতাকর্মীদের নিয়ে আমরা মাঠে আছি মাঠে থাকবো সমস্ত ষড়যন্ত্র ভেদ করে আগামী নির্বাচনে বিএনপিকে ক্ষমতায় আনব।

এসময় উপস্থিত ছিলেন বাগওয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম সহ মুজিবনগর উপজেলা বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী ছাত্রদল যুবদল কৃষক দল স্বেচ্ছাসেক দলের নেতা কর্মীবৃন্দ।

মুজিবনগরে যব সংঘের মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে সামাজিক উন্নয়ন মূলক কাজ করার লক্ষে মত বিনিময় করেছে যুব সংঘের সদস্যরা। আজ শুক্রবার বিকালে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে এ সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় হাবিবুর রহমান(বিকু)’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিরাজুল ইসলাম।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কাজী খয়রদ্দীন, মুন্সী ওমর ফারুক প্রিন্স, শহিদুল ইসলাম ও আব্দুর সবুর।

ইমরান হোসেনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জাহাঙ্গীর আলম, বায়েজিদ মোল্লা, জুলফিকার আলী, মনা, আল মামুন, আব্দুর রশিদ (আসলাম), আনোয়ার হোসেন, রিপন আলী, আসলাম আলী প্রমুখ।

এ সময় প্রধান অতিথি বলেন, এই যুব সংঘ হলো একটি সামাজিক মূলক সংগঠন। মুজিবনগর উপজেলাকে মাদক মুক্ত করতে যুব সংঘকে এগিয়ে আসতে হবে। এছাড়া সামাজিক অবক্ষয় থেকে রক্ষা করা, অসহায়- দরিদ্র শ্রেনীর মানুষকে স্বাবলম্বী করে গড়ে তোলাসহ বিভিন্ন ধরনের সামাজিক উন্নয়ন মূলক কাজ করতে এই সংগঠনকে নিরলস ভাবে কাজ করে যেতে হবে।

এ সময় যুব সংঘের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কৃষক সমাবেশ উপলক্ষে

প্রস্তুতি সভা অনুষ্ঠিত

বাংলাদেশের সংখ্যা গরিষ্ঠ কৃষক জনগোষ্ঠীকে সংগঠিত করার লক্ষ্যে সারাদেশে ৩ মাস ব্যাপী ইউনিয়ন পর্যায়ে কৃষক সমাবেশের অংশ হিসাবে মেহেরপুর জেলার সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন কৃষকদলের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

রাধাকান্তপুর কৃষকদলের আয়োজনে আজ শুক্রবার (১৩ ডিসেম্বর) বিকেলে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্তপুরে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

বুড়িপোতা ইউনিয়ন কৃষকদের সভাপতি আবু সেলিমের সভাপতিত্বে প্রস্তুতি সভা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

মোঃ রফিকুল ইসলামের সঞ্চালনায় এসময় মেহেরপুর জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি মোঃ সেন্টু, বিএনপি নেতা মুক্তা, মণি, আমিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় সভায় স্থানীয় কৃষক নেতৃবৃন্দ এবং ইউনিয়নের কৃষকরা উপস্থিত ছিলেন। তারা কৃষকদের অধিকার রক্ষা, কৃষি খাতে বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলা এবং তাদের দাবি আদায়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে আলোচনা করেন।

মেহেরপুরে বিদ্যালয় পরিদর্শন ও অভিভাবক সমাবেশ

“গুরুতে সুযন্ত পেলে, বাড়বে শিশু বৃদ্ধি বলে”এই প্রতিপ্রাদ্যে মেহেরপুরে বিদ্যালয় পরিদর্শন ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (১৩ ডিসেম্বর) সকাল দশটার টার সময় মেহেরপুর বড়বাজার টি এন্ড টি রোড মন্ডল পাড়া সিটি মডেল পি ক্যাডেট স্কুল এ অনুষ্ঠানের আয়োজন করে।

মেহেরপুরে সিটি মডেল পি-ক্যাডেট স্কুল সভাপতি মোঃ রুস্তম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরে ছহিউদ্দিন ডিগ্রী কলেজ সাবেক অধ্যক্ষ মোঃ একরামুল আযীম।

প্রধান আলোচক ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ সাবেক সহকারী অধ্যাপক মোঃ আব্দুল মজিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ মোসলেম আলী, সমাজ সেবক মোঃ ইকবাল হুসাইন ।

মেহেরপুরে সিটি মডেল পি-ক্যাডেট স্কুলের শিক্ষক মোঃ শাহী আযম শামীমের সঞ্চালনা আরো বক্তব্য রাখেন, মেহেরপুরে সিটি মডেল পি-ক্যাডেট স্কুলের পরিচালক মোঃ সৈয়দ মুনজুরুল হাসান টুটুল, কুলবাড়ী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমজাদ হোসেন।

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটি: মিল্টন আহবায়ক, কামরুল সদস্য সচিব

জাভেদ মাসুদ মিল্টনকে আহবায়ক ও অ্যাডভোকেট কামরুল ইসলামকে সদস্য সচিব করে মেহেরপুর জেলা বিএনপির ৭ সদস্য বিশিষ্ট আংশিক কমিটি অনুমোদন করেছে কেন্দ্রীয় বিএনপি।

আজ শুক্রবার বিএনপির সিনিয়র যুগ্ন মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভি স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

কমিটির অন্য সদস্যরা হলেন- যুগ্ম আহবায়ক পদে জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, ছহিউদ্দিন ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফয়েজ মোহাম্মদ এবং সদস্য পদে জেলা বিএনপির সদ্য সাবেক সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, সদ্য সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেনের নাম অনুমোদন করা হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তি আরও জানা গেছে, মেহেরপুর জেলা বিএনপির সঙ্গে মাগুরা জেলা বিএনপি ও খুলনা জেলা বিএনপির নতুন কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

মেহেরপুরের তুলা চাষ সম্প্রসারণ ও চাষী উদ্বুদ্ধকরণে কৃষক মাঠ দিবস

মেহেরপুর সদর উপজেলার পাটকেলপোতা গ্রামে তুলা উন্নয়ন বোর্ডের “তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পে’র অর্থায়নে তুলা চাষ সম্প্রসারণ ও চাষী উদ্বুদ্ধকরণে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় তুলা উন্নয়ন বোর্ড চুয়াডাঙ্গা জোনের আয়োজনে পাটকেলপোতা গ্রামে দিবসটি পালিত হয়।

মেহেরপুর সদরের পাটকেলপোতা গ্রামের ৪০ জন কৃষক নিয়ে তুলা চাষে উদ্বুদ্ধকরণ ও এর সম্প্রসারণ, তোলার বীজ বপন গাছের পরিচর্যা রোগ বালাই ও পোকামাকড় দমনে সার ও কীটনাশকের ব্যবহার এর মাত্রা নির্ণয় তুলার ফল এর বল আকৃতি থাকা কালীন সময়ে রোগ মুক্ত করণ পদ্ধতি তোলা সংগ্রহ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

উক্ত আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা সেন দেবাশীষ। এছাড়াও বক্তব্য রাখেন তুলা উন্নয়ন কর্মকর্তা এস এম এজাজুল ইসলাম, বারাদী ইউনিটের কটন ইউনিট অফিসার জাকারিয়া ইকবাল।